“খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ২৭.১০.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত খাদ্য মন্ত্রণালয়ের ফিডব্যাক সংক্রান্ত কর্মশালার র‍্যাপোর্টিয়ার্স রিপোর্ট”

তারিখঃ ২৭.১০.২০২২ খ্রি.
সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা
স্থানঃ অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে।

খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ২৭.১০.২০২২ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ আলোচক জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি, সচিব, খাদ্য মন্ত্রণালয় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে কর্মশালার শুভ উদ্বোধন করেন।

উক্ত কর্মশালায় আলোচক হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন), ড. সালমা মমতাজ অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং জনাব খুরশীদ ইকবাল রেজভী, অতিরিক্ত সচিব (পরিকল্পনা এবং উন্নয়ন), খাদ্য মন্ত্রণালয়। প্রবন্ধ উপস্থাপক হিসাবে উপস্থিত ছিলেন সচিব, খাদ্য মন্ত্রণালয় এবং সঞ্চালক হিসাবে উপস্থিত ছিলেন জনাব সৌরেন্দ্র নাথ সাহা, উপসচিব ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। এছাড়াও অংশগ্রহণকারী হিসাবে খাদ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর সকল কর্মকর্তা, খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

প্রবন্ধ উপস্থাপনঃ খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপকিল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনা পর্বে খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। পরবর্তীতে দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম নং-৩.১, ৩.২, ৩.৩ এবং ৩.৪ এর কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন যে, নৈতিকতা কমিটির সভায় কর্মপরিকল্পনার বাইরেও যে সকল কার্যক্রমে জনভোগান্তি আছে বা শুদ্ধাচার এর ঘাটতি রয়েছে, দুর্নীতি এবং সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হবে, বাস্তবায়নযোগ্য এমন কর্মপরিকল্পনা গ্রহণ করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। গৃহিত পরিকল্পনার গুণগতমান বিবেচনায় মূল্যায়নের বিধান রয়েছে মর্মে কর্মশালায় অবহিত করেন।

<u>প্যানেল আলোচকদের আলোচনাঃ</u>

খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপকিল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর অতিরিক্ত সচিব (বাজট ও অডিট), অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), মহাপরিচালক ,খাদ্য অধিদপ্তর, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম বিষয়ে বিভিন্ন মতামত তুলে ধরে বিভিন্ন সুপারিশ প্রস্তাব করেন।

<u>মুক্ত আলোচনাঃ</u>

মুক্ত আলোচনা পর্বে মহাপরিচালক খাদ্য অধিদপ্তর জনাব মোঃ শাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ মজিবর রহমান, অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) ড. সালমা মমতাজ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব খুরশীদ ইকবাল রেজভী এবং চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জনাব আব্দুল কাইউম সরকার ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।

**<u>র‍্যাপোর্টিয়ারবৃন্দের পর্যবেক্ষণের ভিত্তিতে কর্মশালায় গৃহিত সুপারিশঃ</u>**

কর্মশালায় উপস্থাপিত প্রবন্ধ ও আলোচনার ভিত্তিতে র‍্যাপোর্টিয়ারবৃন্দ তাদের পর্যবেক্ষণ উপস্থাপন করলে খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর সর্বসম্মতভাবে নিম্নলিখিত ফিডব্যাক প্রদান সুপারিশ করা হয়ঃ

খাদ্য অধিদপ্তরঃ

| কার্যক্রমের নাম | মন্ত্রণালয়ের ফিডব্যাক |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | নৈতিকতা কমিটির সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাহিরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | (১) ডেঙ্গু প্রতিরোধী পরিচ্ছন্নতা অভিযান সংক্রান্ত বিষয়ে প্রমাণক হিসেবে সভার কার্যবিবরণী, অফিস আদেশ, ছবি ও প্রয়োজনীয় উপকরণ ক্রয়ের বিবরণী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>(২) মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুমের বিষয়ে বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদেশ, ছবি ও প্রয়োজনীয় ক্রয়ের বিবরণী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>(৩) নথি বিনষ্টকরণের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির কার্যবিবরণী,আদেশ ও ছবিসহ অন্যান্য প্রমাণক দাখিল করতে হবে। |
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ৭ (সাত)টি অংগের ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি। সংশোধিত ক্রয় পরিকল্পনা যথাসময়ে (২৮-০২-২০২৩) আবশ্যিকভাবে ওয়েবসাইটে আপলোড করতে হবে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী কোয়ার্টারে ক্রয় কার্যক্রম বর্ধিত হারে বাস্তবায়ন করে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বাজেট বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দিষ্ট খাতে যথানিয়মে ব্যয় নিশ্চিত করতে হবে। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | ডিপিপি মোতাবেক সকল সভা সম্পন্ন করতে হবে। |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ২০২১-২০২২ অর্থবছরে সমাপ্ত হয়নি এমন সকল প্রকল্প এবং ২০২২ সালের ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত প্রকল্পের সম্পদ জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৮ জানুয়ারি ২০০৬ তারিখে ৭২১ নম্বর পরিপত্র মোতাবেক হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং সে মোতাবেক প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ পরিপত্র মোতাবেক যথানিয়মে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৩.২ কর্মকর্তা/ কর্মচারিদের নিয়মিত উপস্থিতি, কাজের মান ও আচরণ বিবেচনায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রতি বিভাগ/ ইউনিটে ০১ (এক) জন সেবা কর্মকর্তা/ কর্মচারির তালিকা প্রকাশ। | কার্যক্রমটি গৃহীত হয়েছে। যথাযথ গ্রহণযোগ্য প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৩.৩ খাদ্য অধিদপ্তর এবং আওতাধীন আঞ্চলিক ও জেলা পর্যায়ের দপ্তরসমূহে দুর্নীতি প্রতিরোধ ও নৈতিক স্লোগান সম্বলিত স্টিকার বিতরণ। | কার্যক্রমটি গৃহীত হয়েছে। যথাযথ গ্রহণযোগ্য প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৩.৪ সারাদেশের সাইলো ও সিএসডিসমূহে ওয়েব্রীজ স্কেলসমূহ নিয়মিত বিএসটিআই কর্তৃক ক্যালিব্রেশন সনদ ও ষ্ট্যাম্পিংক ষ্টিকার প্রদর্শন নিশ্চিতকরণ। | কার্যক্রমটি গৃহীত হয়েছে। যথাযথ গ্রহণযোগ্য প্রমাণক সংরক্ষণ করতে হবে। |

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

| কার্যক্রমের নাম | মন্ত্রণালয়ের ফিডব্যাক |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | নৈতিকতা কমিটির সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাহিরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্ব প্রশাসন শাখা বা অন্য কোন শাখাকে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করতে হবে। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | ২০২২-২০২৩ এর মূল্যায়ন নির্দেশিকা মোতাবেক বাস্তবায়ন বিষয়ে প্রমাণক সংরক্ষণ ও প্রেরণ করতে হবে। |
| ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক প্রদানের প্রমাণক সংরক্ষণ, প্রেরণ ও ওয়েব সাইটে আপলোড করতে হবে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী কোয়ার্টারে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বাজেট বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দিষ্ট খাতে যথাসময়ে ব্যয় নিশ্চিত করতে হবে। |
| ২.৪PIC সভা আয়োজন | নির্ধারিত ছক মোতাবেক প্রকল্প সংখ্যাসহ সমাপ্তির সময় এবং ডিপিপি মোতাবেক সকল সভা সম্পন্ন করতে হবে। |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ২০২১-২০২২ অর্থবছরে সমাপ্ত হয়নি এমন সকল প্রকল্প এবং ২০২২ সালের ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত প্রকল্পের নাম ও সম্পদের বিবরণ উল্লেখপূর্বক নির্ধারিত ছকে সংযোজনী দিতে হবে। সে বিষয়ে সংক্ষেপে প্রকল্পসমূহের নাম মন্তব্য কলামে উল্লেখ করতে হবে। |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | পরিবহণ পরিচালনার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করতে হবে। পরিপত্রের নির্দেশনা মোতাবেক যথানিয়মে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৩.২ মোবাইল কোর্ট পরিচালনা সরাসরি সম্প্রচার। | কার্যক্রমটি গৃহীত হয়েছে। যথাযথ গ্রহণযোগ্য প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৩.৩ খাদ্য অধিদপ্তর এবং আওতাধীন আঞ্চলিক ও জেলা পর্যায়ের দপ্তরসমূহে দুর্নীতি প্রতিরোধ ও নৈতিক স্লোগান সম্বলিত স্টিকার বিতরণ। | কার্যক্রমটি গৃহীত হয়েছে। যথাযথ গ্রহণযোগ্য প্রমাণক সংরক্ষণ করতে হবে। |
| ৩.৪ সারাদেশের সাইলো ও সিএসডিসমূহে ওয়েব্রীজ স্কেলসমূহ নিয়মিত বিএসটিআই কর্তৃক ক্যালিব্রেশন সনদ ও ষ্ট্যাম্পিংক ষ্টিকার প্রদর্শন নিশ্চিতকরণ। | কার্যক্রমটি গৃহীত হয়েছে। যথাযথ গ্রহণযোগ্য প্রমাণক সংরক্ষণ করতে হবে। |

অতঃপর সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথ প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও ওয়েবসাইটে আপলোড করার আশাবাদ ব্যক্ত করে সক্রিয় ও প্রাণবন্ত অংশগ্রহণের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান এবং কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) ৩০/১০/২২
(স্বপ্না ভদ্র)
প্রশাসনিক কর্মকর্তা

(স্বাক্ষরিত) ৩০/১০/২২
(মোঃ আমিনুল ইসলাম হাজারী)
প্রশাসনিক কর্মকর্তা